

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৭

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬৬. জায়গির সম্পর্কে

باب فِي الْقَطَائِعِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ عَلْقَمَةَ بْنِ وَائِلٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَقْطَعَهُ أَرْضًا قَالَ فَأَرْسَلَ مَعِي وَائِلٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَقْطَعَهُ أَرْضًا قَالَ فَأَرْسَلَ مَعِي مُعَاوِيَةَ قَالَ أَعْطِهَا إِيَّاهُ قَالَ يَحْيَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا غُنْدَرٌ بِهَذَا الْحَدِيثِ

## বাংলা

২৬৪৭. আলকামাহ ইবনু ওয়ায়িল হতে তার পিতার সূত্রে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এক খন্ড জমি জায়গীর হিসেবে দান করেন। তিনি (রাবী) বলেন, তখন তিনি মুয়াবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু কে আমার সাথে পাঠান এবং বলেন, "এটি তাকেই দিয়ে দাও।"[1] ইয়াহইয়া বলেন, মুহাম্মদ ইবনু বাশার গুনদার হতে এ হাদীসটি বর্ণনা করেন।

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৭২০৫ তে। এটি মাওয়ারিদ-এর শর্তানুযায়ীও, তবে হাইছামী তাতে এটি বর্ণনা করেননি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলকামা ইবনে ওয়াইল আল-হাদরামী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন